



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।

[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৩৭৩৭

তারিখঃ ২৯/০৫/২০১৬ খ্রিস্টাব্দ।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা-----

জেলা-----।

বিষয়ঃ প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার বেতন-ভাতা পরিশোধ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাবীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পের দৈনন্দিন কার্যক্রম সহজতর, স্বচ্ছতা ও জবাবদিহিমূলক করতে মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যার কার্যক্রম চলমান আছে। অত্র দপ্তরের স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৩৭০৮ তারিখঃ ১৫/০৫/২০১৬ খ্রিস্টাব্দ মূলে প্রকল্পভূক্ত উপজেলার দৈনন্দিন কার্যক্রমের তথ্য নিয়মিতভাবে সফটওয়্যারে এন্ট্রি পূর্বক Day End এবং Month End করার নির্দেশনা রয়েছে। একই সাথে প্রকল্পের সফটওয়্যারে দৈনন্দিন কার্যক্রম যথাযথভাবে এন্ট্রি শেষে নিয়মিত Day End করাসহ মে/২০১৬ মাস হতে প্রতি মাসের শেষ দিনে Month End করা ব্যতিত প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার বেতন-ভাতা পরিশোধ না করার নির্দেশনাও রয়েছে।

এমতাবস্থায়, যে সকল উপজেলায় প্রকল্পের মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যার দৈনন্দিন কার্যক্রম যথাযথভাবে এন্ট্রি শেষে নিয়মিত Day End করাসহ প্রতি মাসের শেষ দিনে Month End করা হবে না তার তালিকা জুন/২০১৬ মাস হতে প্রতি মাসের প্রথম দিনে প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। প্রকাশিত তালিকায় বর্ণিত উপজেলায় প্রকল্পের সফটওয়্যার কার্যক্রম হালনাগাদ স্বাপেক্ষে প্রকল্প সদর দপ্তরের অনুমোদনক্রমে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার বেতন-ভাতা পরিশোধ করা যাবে। সফটওয়্যার কার্যক্রম হালনাগাদ ব্যতিত এবং প্রকল্প সদর দপ্তরের বিনা অনুমোদনে বেতন-ভাতা পরিশোধ করা হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী হবেন।

২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারী করা হলো।

মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা

উপপ্রকল্প পরিচালক

ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

[mohidur79@gmail.com](mailto:mohidur79@gmail.com)/01913493654

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।

২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

৩। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৪। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।

৬। অফিস কপি।